# Times Today BD

জিএম সিরাজ | দেশজুড়ে | 14 May, 2025

কুড়িগ্রামের নাগেশ্বরীতে ধান কাটতে গিয়ে বজ্রপাতে হাতেম আলী (৩৮) নামে এক পল্লী চিকিৎসকের মৃত্যু হয়েছে।

বুধবার (১৪ মে) সকাল ৮ টার দিকে নাগেশ্বরী উপজেলার কালিগঞ্জ ইউনিয়নের কুমোদপুর এলাকার এ ঘটনায় ঘটে।নিহত হাতেম আলী ওই এলাকার ছাফের আলীর ছেলে।তিনি এক ছেলে, দুই মেয়ের জনক ছিলেন।

স্থানীয়রা জানান, বুধবার সকাল থেকে আকাশে ঘন মেঘ ও গুড়িগুড়ি বৃষ্টি পড়েছিল। বৃষ্টি উপেক্ষা করে হাতেম আলী নিজের জমিতে ধান কাঁটতে যায়।এসময় হঠাৎ বজ্রপাতে ঘটনাস্থলে মারা যান তিনি।

স্থানীয় ইউপি সদস্য মোঃ মদিনা আলী জানান, ধান কাঁটার সময় বজ্রপাত হয়।এতে তিনি আহত হয়ে মাটিতে পড়ে যান।সেখানে মারা যান তিনি।

কচাকাটা থানার অফিসার ইনচার্জ (ওসি) মো. নাজমুল আলম জানান, এ বিষয়ে আমাদের এখনও কেউ জানায়নি।আমরা খোঁজ নিচ্ছি।

কুড়িগ্রাম বজ্রপাত

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 19:59

URL: https://www.timestodaybd.com/across-the-country/8623432459